

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৬৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنْ عِمْرَانَ

بْنِ حِطَّانَ قَالَ: أَتَيْتُ أَبَا ذَرِّ فَوَجَدْتُهُ فِي الْمَسْجِدِ مُحْتَبِيًا بِكِسَاءٍ أَسْوَدَ وَحده. فَقلت: يَا أَبَا ذَر ماهذه الْوَحْدَةُ؟ فَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْوَحْدَةُ وَالْمَلَاءُ الْخَيْر خيرٌ من خَيْرٌ مِنَ الْوَحْدَةِ وَإِمْلَاءُ الْخَيْر خيرٌ من السُّوءِ وَالْجَلِيسُ الصَّالِحُ خَيْرٌ مِنَ الْوَحْدَةِ وَإِمْلَاءُ الْخَيْر خيرٌ من السكوت والسكوت خيرٌ من إملاءِ الشَّر»

বাংলা

৪৮৬৪-[৫৩] ইমরান ইবনু হিত্ত্বান (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি আবূ যার (রাঃ)-এর কাছে এলে তাঁকে কালো চাদর জড়ানো অবস্থায় একাকী মসজিদে অবস্থানরত পেলাম। আমি বললামঃ হে আবূ যার! এ একাকিত্ব কিরূপ? তখন আবূ যার(রাঃ) বললেনঃ আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি বলেছেনঃ একাকী থাকা খারাপ সহ-উপবেশনকারীর চেয়ে উত্তম এবং ভালো সহ-উপবেশনকারী একাকী থাকার চেয়ে ভালো। ভালো কথা শিক্ষা দেয়া চুপ থাকার চেয়ে উত্তম, আর চুপ থাকা খারাপ শিক্ষা দেয়ার চেয়ে উত্তম।[1]

ফটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈ'মান ৪৯৯২, আল মুসতাদরাক ৫৪৬৬, শু'আবুল ঈমান লিল বায়হাকী ৪৯৯৩, য'ঈফুল জামি' ৬১৫১, আল মুসতাদরাক লিল হাকিম ৫৪৬৬।

'আত্ তালখীস' গ্রন্থে ইমাম যাহাবী বলেনঃ সহীহ নয়। হাদীসটি য'ঈফ কারণ সনদে আছে শরীক ইবনু 'আবদুল্লাহ আল কাষী, তার স্মৃতিশক্তি খারাপ। 'আত তাকবীর' গ্রন্থে হাফিয ইবনু হাজার আল 'আসকালানী (রহ) বলেনঃ সে সত্যবাদী তবে অনেক ভুল করে। কুফার বিচারক পদে আসীন হওয়ার পর থেকে তার মুখস্থশক্তি পরিবর্তন হয়ে যায়। বিস্তারিত সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১৮৫৩।



ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مِنْ جَلِيْتُ أَبًا ذَرٌ فَوَجَدْتُهُ فِي الْمَسْجِدِ) আমি আবূ যার (রাঃ)-এর নিকট আসলাম, মসজিদে একাকী কালো চাদর পরিহিত অবস্থায় দেখে তাকে জিজেস করলাম, (أيَ الْبُا ذَر ماهذه الْوَحْدَةُ؛) হে আবূ যার! তুমি কেন একাকী বসে আছ? তখন তিনি বললেনঃ আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট শুনেছি, তিনি বলেন-(مِنْ جَلِيسِ السُّوءِ) খারাপ সঙ্গীর সাহচর্যের চেয়ে একাকী থাকাই উত্তম। অর্থাৎ বর্তমান সময়ে ভালো সঙ্গী নিতান্তই কম।

আর অন্যায় কিছু করার চেয়ে ভুলো কিছু করা উত্তম আর অন্যায় কিছু করার চেয়ে ভুলো কিছু করা উত্তম আর অন্যায় কিছু করার চেয়ে চুপ থাকাই ভালো। কেননা নিঃসঙ্গ ও একাকী চুপচাপ থাকাই ভলো। অর্থাৎ নিঃসঙ্গ ও একাকী চুপচাপ থাকা অন্যায় থেকে দূরে রাখতে সহায়তা করে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হিত্তান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন